দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন- শৃঙ্খলা, চোরা চালান, নাশকতা, মানবপাচার এবং নারি ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, উপজেলা রিসোর্স সেন্টার ইনস্ট্রাক্টর রোকনুজ্জামান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, মদনা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আঃ রহমান, উপজেলা আনসার ভিডিপি অফিসার মোঃ সাজিদ, উপজেলা যুবউন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, রাজস্ব কর্মকর্তা জাহিদুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মারিয়া মাহবুবা, কোম্পানি কমান্ডার ঠাকুরপুর বিজিবি সুবেদার সাইফুল ইসলাম, কোম্পানি কমান্ডার মুন্সিপুর বিজিবি নায়েক সুবেদার শ্রী তাপস কুমার, কোম্পানি কমান্ডার দর্শনা বিজিবি আশরাফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশীদ,দামুড়হুদা পাইলট গালর্স স্কুল এ্যান্ড কলেজ শিক্ষক প্রতিনিধি আব্দুর রাজ্জাক, দামুড়হুদা মডেল সরকারি প্রাঃ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন,

উপজেলা মডেল মসজিদের পেশ ঈমাম মুফতী মামুনুর রশীদ প্রমূখ।

সভায় বক্তারা দেশের চলমান পরিস্থিতিতে দামুড়হুদা উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা নিয়ে সন্তোষ প্রকাশ করেন। আগামীতে সার্বিক বিষয়ে আইন শৃঙ্খলার যেন কোন অবনতি না ঘটে সে জন্য করনীয় শীর্ষক আলোচনা করেন।

আলমডাঙ্গায় ফসলের খেতে নবজাতক বাঘডাশা; উদ্ধার করে বন বিভাগে

আলমডাঙ্গা উপজেলার টেক পাঁচলিয়া গ্রাম থেকে দুটি বাঘডাশা উদ্ধার করা হয়েছে। গতকাল সোমবার সকালে উপজেলার জামজামি ইউনিয়নের পাঁচলিয়ার মাঠ থেকে এই বাঘডাশা দুটি উদ্ধার করা হয়।

স্থানীয়রা জানান, সোমবার সকালে কয়েকজন চাষি মাঠে যাওয়ার সময় বাঘডাশা সাদৃশ্য ডোরাকাটা দুটি বাচ্চা দেখতে পান। পরে খবর পেয়ে আরও লোকজন এসে বাচ্চা দুটি উদ্ধার করেন। এদের মধ্যে দুটি বাচ্চাই তাদের মাকে হারিয়ে ফসলের মাঠের খোলা জায়গায় বের হয়ে আসে।

এদিকে গত কয়েক দিন রাতে পাঁচলিয়া গ্রামে অচেনা প্রাণীর আক্রমণের জখম হয়েছে তিন-চারটি ছাগল। ছাগল মালিকেরা বলেন, ‘রাতে ছাগলের ছটফট শব্দ শুনে দৌড়ে ছাগলের ঘরে পৌঁছাতেই একটি অচেনা প্রাণী পালিয়ে যায়। এ সময় আমার একটি ছাগলের গলায় কামড়ানোর দাগ ও রক্ত দেখা যায়। গ্রামের আরও তিনজনের তিনটি ছাগলের একই অবস্থা হয়েছে। ধারণা করা হচ্ছে এই বাঘডাশার আক্রমণেই ছাগলগুলো জখম হয়েছে।’

খবর পেয়ে আলমডাঙ্গা উপজেলা বন বিভাগের কর্মকর্তা আতিয়ার রহমান ঘটনাস্থলে উপস্থিত হয়ে বাঘডাশার দুটি বাচ্চা এলাকাবাসীর হাত থেকে উদ্ধার করে। পরে পাঁচলিয়া গ্রামের একটি জঙ্গলে বাঘডাশা দুটি বাচ্চা ছেড়ে দেওয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ রবিবার দুপুরে বড়-গাংনী তদন্ত কেন্দ্রের উপ-পরিদর্শক বাবর আলীর নির্দেশে এ অভিযান পরিচালনা করা হয়।

মাদক ব্যবসায়ী নাজমুল আলী খাদেমপুর ইউনিয়নের জুগিরহুদায় গ্রামের শুকচানের ছেলে।

পুলিশ জানায়, উপজেলা খাদেমপুর ইউনিয়নের জুগিরহুদা গ্রামের মিলু ও তার স্ত্রী দীর্ঘদিন মাদকদ্রব্য গাঁজার ব্যবসা করে আসছে। তাদের খুচরা বিক্রেতা হিসেবে সহযোগীতা করছে একই এলাকার গাঁজা ব্যবসায়ী নাজমুল আলী।

আজ রবিবার দুপুরে নাজমুল তার ব্যবসায়ী মিলুর স্ত্রীর নিকট থেকে ২০০ গ্রাম গাঁজা বিক্রির উদ্দেশ্যে যাচ্ছিল। এসময় বড়-গাংনী তদন্ত কেন্দ্রের উপ-পরিদর্শক বাবর আলী সঙ্গীয় ফোর্স ওই এলাকায় মাদক বিরোধী অভিযান চালায়।

জুগিরহুদা গ্রামের পাঁকা রাস্তার উপর থেকে নাজমুলকে কাপড়ের শপিং ব্যাগসহ আটক করে। পরে পুলিশ ওই ব্যাগ তল্লাশি করে ২০০ গ্রাম গাঁজা উদ্ধার করে।

এদিকে জুগিরহুদা গ্রামবাসীরা জানান, মিলু ও তার স্ত্রী দীর্ঘদিন প্রকাশ্যে মাদক ব্যবসা করলেও পুলিশের ধরাছোঁয়ার বাইরে থাকে। এতে সমাজের উঠতি বয়সের যুবকেরা মাদকে আসক্ত হয়ে পড়ছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবিষয়ে তাদের কোন ভুমিকা পাওয়া যায় না। এদের দ্রুত আটক করে আইনের আওতায় আনার জোর দাবি জানান।

এঘটনায় আলমডাঙ্গা থানার ওসি শেখ গণি মিয়া জানান, নাজমুল আলী সে গাঁজা সেবনের পাশাপাশি গোপনে ব্যবসা করেন। বড়-গাংনী তদন্ত কেন্দ্রের ইনচার্জের নেতৃত্বে মাদক ব্যবসায়ী নাজমুলকে গ্রেপ্তার করা হয়েছে। আজ তাকে সংশ্লিষ্ট মামলায় আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হবে।

দামুড়হুদায় জমাজমি সংক্রান্ত বিষয়ে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার সুবলপুর গ্রামের জমাজমি সংক্রান্ত বিষয়ের জের ধরে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখত বক্তব্য পাঠ করেন উপজেলার সুবলপুর গ্রামের কলিম উদ্দিন এর ছেলে মোঃ হাফিজ উদ্দিন।

সংবাদ সম্মেলনে উপস্থিত হয়ে লিখিত বক্তব্যে বলেন, আমরা মোঃ হাফিজ উদ্দিন পিতাঃ কলিম উদ্দিন, জাইদুল পিতা: মৃত: আইনাল হক এবং মোঃ কামাল পিতা: মৃত: ইমান আলী সর্বসাং সুবলপুর, আমাদের বাবার নামে রেকর্ড ভুক্ত জমি যা বর্তমানে হালসন খাজনা পরিশোধ আছে। আমাদের জমির পরিমাণ ২০ শতক জমি যা উপজেলার সুবলপুর গ্রামের বিবাদী মোঃ ইব্রাহিম পিতাঃ মৃত: অনু আলী, মো: বক্কর পিতা: মৃত: রমজান আলী গংরা জোর পূর্বক জমি দখলকরে রাখে। বিষয়টি নিয়ে আমরা কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতে মামলা করি। মামলা শেষে আদালত লিখত সিদ্ধান্ত আমাদের দিয়েছেন। বিবাদীগনরা আমাদের রেকর্ড এর জমি জোর পূর্বক দখল করে রেখেছেন। আমরা দখল নিতে গেলে তারা আমাদের খুন করার হুমকি দেয়। যার কারনে আমরা গ্রাম আদালতের মাধ্যমে রায় পেয়েছি। তার পরও জমি নিজেদের দখলে নিতে পারিনাই। দখল নিতে গেলে আমাদের নামে মিথ্যা মামলা ও মিথ্যা সংবাদ প্রকাশ করে জমি না ছাড়ার পায়তারা চালিয়ে যাচ্ছে। বিবাদী গনের পাকা বাড়ী এবং মাঠে ৫/৬ বিঘা জমি রহিয়াছে। অথচ দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় ভূমিহীন বলে সংবাদ প্রকাশ করেছেন, যা মিথ্যা। জমির দাগ নং: ৯৬৫, খতিয়ান নং: ৮৬৫ মৌজা কুড়ালগাছি। জমির পরিমাণ ২০ শতক। প্রকাশ থাকে যে বিবাদীরা গ্রাম আদালতে জমির কোন কাগজপত্র উপস্থিত করতে পারেনি, যার কারনে আমাদের পক্ষে রায় হয়। তার পারেও জোর পূর্বক আমাদের জমি দখল করে আমাদের নামেই মিথ্যা ও বানোয়াট কেচ মামলা করে হয়রানি করছে এবং সাংবাদিকদের মিথ্যা তথ্য দিয়ে সংবাদ পরিবেশন করছে। জমির কাগজপত্র দেখে বিষয়টি সরজমিনে তদন্ত পূর্বক সমাধানের জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন।

দর্শনা সীমান্তপথে ফিরে গেলেন কলকাতার ২৮ সদস্যের সাংস্কৃতিক দল

বাংলাদেশের কুমিল্লা, ব্রাক্ষনবাড়িয়া, ইলিশের জেলা চাদপুর,গাজিপুর, ঢাকা ও কুষ্টিয়া শিল্পকলা একাডেমীতে সংগীত নৃত্য, কবিতাবৃতি ও একক অভিনয় করে মাতিয়ে গেলেন জি বাংলা ক্ষ্যাত কলকাতার ২৮ সদস্যের একটি সাংস্কৃতিক দল।

গতকাল বুধবার ভোরে সাংস্কৃতিক দলটি রিজার্ভ গাড়িতে করে দর্শনায় এসে পৌছিলে দর্শনা বাউল পরিষদের সভাপতি ও বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ধীরু বাউল তাদেরকে ফুলেল শুভেচ্ছা জানান ও জয়নগর চেকপোস্টে নিয়ে যান। ভারতের প্রখ্যাত প্রভাবশালি কলকাতার বিশ্ববংগ সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠনের সভাপতি ডঃ রাধাকান্ত সরকার জানান বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রোগ্রাস করার জন্য চলতি মাসের ১০ জুলাই কলকাতা থেকে রিজার্ভ শ্যামলী পরিবহন যোগে পেট্রাপোল-বেনাপোল হয়ে ঢাকায় আসা হয়েছিল।

বাংলাদেশের জেলা ও বিভাগীয় শহরে প্রগ্রাম করতে করতে দেশের পরিস্থিত অনুকুলে না থাকায় চলে যেতে হল। ডঃ রাধাকান্ত সরকার জানালেন ২৮ সদস্যের প্রতিনিধিদলে ভারতের প্রখ্যাত বাউল শিল্পী সনজিত মন্ডল, জি বাংলার প্রতিযোগীয় অংশ নেয়া নৃত্য শিল্পী অনিমা কৈরালা, বিভাস মন্ডল, আরতি বসাক, বিন্দাসুধা ধর, ফিল্মের ও “আমি কলকাতার রসগোল্লা” ক্ষ্যাত গানের শিল্পী বিরালা মাইতি, কলকাতার সৃষ্টি গংগা সাগর ড্যান্স একাডেমীর নৃত্য শিল্পী, কবি চিত্তরন্জন বসু সহ বেশ নামকরা শিল্পীরা এসেছিল। দেশের সার্বিক অবস্হার কারনে এবং প্রগ্রাম থাকা সত্বেও বিদায় নিতে হচ্ছে।ইমিগ্রেমন ও কাস্টমসের কার্যক্রম শেষে ঐদিন সকাল ১০ টার দিকে প্রতিনিধি দলটি ভারতের উদ্দেশ্যে দর্শনা সীমান্তের জিরো পয়েন্ট অতিক্রম করেন।

[redacted]

[redacted]

জীবননগরে সাংবাদিককে হত্যার হুমকি প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবখালী গ্রামের চিহ্নিত মাদক ব্যবসায়ী রাজন সাংবাদিক জামাল হোসেনকে হত্যার হুমকি দেয়ার প্রতিবাদে গতকাল মঙ্গলবার সকালে জীবননগর শহরের বাসস্ট্যান্ড চত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সভা করেছেন সাংবাদিকরা।

জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন-চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য ও ৭১ টিভি চ্যানেলের জেলা প্রতিনিধি এমএ মামুন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, মহেশপুর প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক শহিদুল ইসলাম, সিনিয়র সদস্য আব্দুর রহিম,জীবননগর প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি নারায়ণ ভৌমিক, হাসাদহ প্রেসক্লাবের সভাপতি মতিয়ার রহমান, উথলী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নয়ন আহমেদ, মনোহরপুর ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের মেম্বার জমির উদ্দিন, জীবননগর সাংবাদিক সমিতির উপদেষ্টা সাংবাদিক সামসুল আলম, আতিয়ার রহমান, সদস্য নুর আলম, হাকিম আলী।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সংযুক্ত আরব আমিরাতের আর টিভি প্রতিনিধি এস এম সাফায়েত উল্লাহ, রিপন হোসেন, মোতাসিন বিল্লাহরাসেল হোসেন মুন্না, আল আমিন মোল্লা, বাংলা টিভির জেলা প্রতিনিধি মামুন মোল্যা, সম্রাট হোসেন, সুমি প্রধান প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ ওসি

[redacted]

[redacted]

[redacted]

[

সন্দেহে ৩ মহিলা আটক

দামুড়হুদায় নারীপাচারকারী সন্দেহে ৩ জন মহিলাকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ। আজ সোমবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার হাতিভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলো চুয়াডাঙ্গা সদর উপজেলার ডিঙ্গেদহ হাঁটখোলাপাড়ার মতিয়ার রহমানের স্ত্রী শেফালী খাতুন(৫০), শাহাজাহান আলীর স্ত্রী মর্জিনা খাতুন (৪৮) ও আইয়ুব ফকির এর স্ত্রী মালেকা খাতুন (৫৫)।

পুলিশ ও স্থানীয় সুত্রে জানাগেছে, আজ সোমবার দুপুরে উপজেলার হাতিভাংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রী হাতিভাঙ্গা গ্রামের রিপন আলীর মেয়ে রিয়া খাতুন (১১), সুইট আলীর মেয়ে সারিকা (১১) দ্বয়কে বিভিন্ন প্রোলোভন দেখিয়ে ৩ জন অপরিচিত মহিলা নিয়ে যেতে চাইলে বাচ্চাদের চিৎকারে এলাকাবাসি ছুটে এসে হাতিভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকার জনসাধারণ কর্তৃক উক্ত ৩ জন মহিলাকে অপহরণকারী সন্দেহে এলাকাবাসি আটক করে রাখে।

স্থানীয় জনসাধারণ উক্ত মহিলাদের উপর অত্যন্ত ক্ষিপ্ত হয় এবং তারা উক্ত মহিলা আসামিদেরকে পুলিশ হেফাজতে দিবে না মর্মে জানায়। পরবর্তীতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার উপস্থিতিতে ও দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলীর সহযোগিতায় উক্ত আসামীদেরকে পুলিশ হেফাজতে নেন।

এলাকার লোকজন স্কুলের প্রধান শিক্ষক ফারুক এর প্রতিও অত্যান্ত খিপ্ত ও চরাও হয়। বিপুল সংখ্যক জনসাধারন স্কুলে অবস্থান করে। খোঁজ নিয়ে জানা যায় প্রধান শিক্ষক সবসময় স্কুলের গেট বন্ধ রাখে, যার কারনে স্কুলের ভিতর কি হচ্ছে না হচ্ছে এলাকাবাসি জানতে পারে না। গ্রেফতারকৃত মহিলা আসামীগন বর্তমানে দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, মামলা পক্রিয়াধীন, আসামীদের আজ বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।